

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ নবী চরিত রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

পরিশিষ্ট-১ - ৯. তাঁর আমীরগণ (___ ائه حــ)

- (১) বাযান বিন সামান। পারস্য সমাট কিসরা নিহত হওয়ার পর রাসূল (ছাঃ) তাকে ইয়ামনের গবর্ণর নিয়োগ করেন। ইনিই ছিলেন ইয়ামনে ইসলামী যুগের প্রথম আমীর ও প্রথম অনারব মুসলিম। বাযানের মৃত্যুর পর তার পুত্র শাহর বিন বাযানকে আমীর নিযুক্ত হন। পরে তিনি নিহত হ'লে রাসূল (ছাঃ) খালেদ বিন সাঈদ ইবনুল 'আছ (রাঃ)-কে সেখানকার আমীর নিয়োগ করেন।
- (২) মুহাজির বিন উমাইয়া মাখযূমীকে রাসূল (ছাঃ) কিন্দাহ ও ছাদিফ (الصَّدِف) এলাকার আমীর নিযুক্ত করেন। রাসূল (ছাঃ)-এর মৃত্যুর পর আবুবকর (রাঃ) সেখানকার কিছু মুরতাদের বিরুদ্ধে যুদ্ধের জন্য অভিযান প্রেরণ করেন।
- (৩) যিয়াদ বিন উমাইয়া আনছারীকে হাযরামাউত (৪) আবু মূসা আশ'আরীকে যাবীদ (زَبِيد), আদন ও সাগর তীরবর্তী এলাকা (৫) মু'আয বিন জাবালকে জান্দ (الْجَنْد) এলাকা (৬) আবু সুফিয়ান ছাখর বিন হারবকে নাজরান এবং তাঁর পুত্র (৭) ইয়াযীদকে তায়মা (৮) আত্তাব বিন আসীদকে মক্কা (৯) আলী ইবনু আবী ত্বালেবকে ইয়ামন (১০) আমর ইবনুল 'আছকে ওমান এলাকার প্রশাসক নিয়োগ করেন। এতদ্ব্যতীত (১১) আবুবকর (রাঃ)-কে ৯ম হিজরীতে হজ্জের আমীর নিযুক্ত করেন। যদিও আল্লাহর শক্র রাফেযী শী'আরা বলে থাকে যে, আলীকে পাঠিয়ে আবুবকরকে বরখাস্ত করা হয়' (যাদুল মা'আদ ১/১২১-২২)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5810

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন